# দ্বিতীয় মুক্তি

সুরজীৎ গাইন

আমার সোনার কিশোর-কিশোরী ইতিহাস জানো বেশ;
চব্বিশের গণ-অভ্যুত্থানে স্বাধীন হয়েছে দেশ।
আওয়ামী লীগ একনায়কতন্ত্রের মিথ্যা স্বপ্ন দেখেছে;
জোর করে জনতারে বঞ্চিত করে রেখেছে।
মরেছে ছাত্র, ঝরেছে রক্ত, কেঁদেছে মানুষ কত;
দেশের জন্য জীবন উৎসর্গ শত শত।
অধিকার নিয়ে সবাই বাঁচতে চেয়েছে;
বিনিময়ে স্বৈরাচারের নির্মম আঘাত পেয়েছে।
নির্যাতিত জনতা অবশেষে উঠে দাঁড়িয়েছে;
অত্যাচারীর ক্ষমতা কেড়ে নিয়ে এদেশ থেকে তাড়িয়েছে।
একাত্তরের মার্চে আমরা প্রথম স্বাধীনতার পতাকা দুলাই;
দ্বিতীয় মুক্তি পেয়েছি চব্বিশের জুলাই।
আমার প্রিয় ছেলেমেয়ে তোমাদের জন্য লেখা;
আগামী দিনে তোমরা দেবে এদেশের রূপ রেখা।
রবে না দুঃখ-দারিদ্র্য, বঞ্চনা আর ক্ষুধা;
অন্তর হতে তোমরা দেবে জনসেবার সুধা।
আমার দেশে মধুর হাসি ফুটবে সবার মুখে;
সমঅধিকারে সব মানুষ দিন কাটাবে সুখে।



CS CamScanner

CS CamScanner